

# Prime Minister's meeting with Prime Minister of Sweden

May 04, 2022

## সুইডেনের প্রধানমন্ত্রীর সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী কোপেনহাগেনে দ্বিতীয় ভারত-নর্ডিক শীর্ষ সম্মেলনের ফাঁকে সুইডেনের প্রধানমন্ত্রী শ্রীমতী ম্যাগডালেনা অ্যান্ডারসনের সঙ্গে বৈঠক করেছেন। দুই নেতার মধ্যে এটিই প্রথম বৈঠক।

অভিন্ন মূল্যবোধের ভিত্তিতে ভারত ও সুইডেনের মধ্যে দীর্ঘদিনের ঘনিষ্ঠ সম্পর্ক রয়েছে; ব্যবসায়িক, বিনিয়োগগত এবং গবেষণা ও উন্নয়নের যোগসূত্র এবং আন্তর্জাতিক শান্তি, নিরাপত্তা ও উন্নয়নের ক্ষেত্রে সমদৃষ্টিভঙ্গী এই সম্পর্ককে আরও নিবিড় করেছে। আধুনিক যুগে উদ্ভাবন, প্রযুক্তি, বিনিয়োগ এবং গবেষণা ও উন্নয়ন সহযোগিতা দু'দেশের সম্পর্কের ভিত্তি হয়ে উঠেছে। ২০১৮ সালে প্রথম ভারত-নর্ডিক শীর্ষ সম্মেলন উপলক্ষে প্রধানমন্ত্রী মোদীর সুইডেন সফরের সময়ে দু'দেশ একটি বিস্তৃত যৌথ কর্মপরিকল্পনা করেছিল, স্বাক্ষর করেছিল যৌথ উদ্ভাবনী অংশীদারিত্ব চুক্তিতে।

আজকের বৈঠকে দুই নেতা দ্বিপাক্ষিক অংশীদারিত্বের অগ্রগতি পর্যালোচনা করেন। লিড আইটি উদ্যোগের অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেন তাঁরা। ২০১৯ সালের সেপ্টেম্বর মাসে রাষ্ট্রস্বত্বের জলবায়ু সংক্রান্ত শীর্ষ সম্মেলনে ভারত ও সুইডেন লিড আইটি (লিডারশিপ গ্রুপ অন ইন্ডাস্ট্রি ট্রানজিশান) উদ্যোগের সূচনা করেছিল। এর লক্ষ্য ছিল বিশ্বের সব থেকে বেশি গ্রীনহাউস গ্যাস নিঃসরণকারী শিল্পগুলিকে কম কার্বন নিঃসরণকারী অর্থনীতির দিকে নিয়ে আসতে সাহায্য করা। বর্তমানে এর সদস্য সংখ্যা বেড়ে হয়েছে ৩৫। সদস্যদের মধ্যে ১৬টি দেশ এবং ১৯টি কোম্পানি রয়েছে।

দুই নেতা উদ্ভাবন, জলবায়ু প্রযুক্তি, জলবায়ু কর্মপরিকল্পনা, দূষণমুক্ত হাইড্রোজেন, মহাকাশ, প্রতিরক্ষা, অসামরিক বিমান চলাচল, মেরু গবেষণা, খনি এবং বাণিজ্য ও অর্থনৈতিক ক্ষেত্রে সহযোগিতা আরও বাড়ানোর পন্থা পদ্ধতি নিয়ে আলোচনা করেন।

আঞ্চলিক এবং আন্তর্জাতিক উন্নয়নের বিষয়েও তাঁদের মধ্যে কথা হয়।

**কোপেনহাগেন**

**মে 04, 2022**

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.